ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২২৬৯
কাঞ্চনপুর,২৩ ডিসেম্বর,২০২৪

**প্রশাসন গাঁও কি ওর**
**প্রান্তিক জনপদের মানুষের কাছে প্রশাসনকে নিয়ে যাওয়া হচ্ছে : শিল্প ও বাণিজ্যমন্ত্রী**

প্রান্তিক জনপদের মানুষের কাছে প্রশাসনকে নিয়ে যাওয়া হচ্ছে। কেন্দ্র ও রাজ্য সরকার এক ভারত শ্রেষ্ঠ ভারত এবং এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তুলতে চায়। এ লক্ষ্যেই প্রান্তিক জনপদের মানুষের কাছে নিয়ে যাওয়া হচ্ছে প্রশাসনকে। আজ দামছড়া ব্লকের খেদাছড়া কমিউনিটি হলে প্রশাসন গাঁও কি ওর প্রচার অভিযানে এক শিবিরের উদ্বোধন করে শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা একথা বলেন। অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্যমন্ত্রী বলেন, প্রান্তিক জনপদের কোনও মানুষ যাতে সরকারি প্রকল্প ও পরিষেবার সুযোগ থেকে বঞ্চিত না হন সে লক্ষ্যেই এই কর্মসূচি নেওয়া হয়েছে। শিবিরে উপস্থিত ছিলেন পেঁচারথল বিএসির চেয়ারম্যান সজল চাকমা, দামছড়া বিএসির ভাইস চেয়ারম্যান দুশন্ত রিয়াং, ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্কের চেয়ারম্যান সত্যেন্দ্র সিং, দামছড়া ব্লকের বিডিও অনুপম চাকমা, পানিসাগর মহকুমার ডিসিএম সুকুমার রিয়াং প্রমুখ। শিবিরে শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা দশম শ্রেণির ছাত্রী সবিতা রিয়াংয়ের হাতে একটি ল্যাপটপ তুলে দেন। তাছাড়াও শিবিরে নবম শ্রেণির ১০ জন ছাত্রীকে বাইসাইকেল দেওয়া হয়। মহকুমা প্রশাসন থেকে পিআরটিসি ও এসটি সার্টিফিকেটের আবেদনপত্র সংগ্রহ করা হয়। তাছাড়াও শিবিরে ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্কের পক্ষ থেকে জনজাতি সুবিধাভোগীদের মধ্যে ১০০টি কম্বল বিতরণ করা হয়।

*****